



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়- ১/সাধারণ/৩৭১১

তারিখ : ২২/০৮/২০১৬


বিষয় : শিক্ষা মন্ত্রণালয়স্বত্বীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী সভা আয়োজন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৮/২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬-৪২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী আগামী ০৩/০৯/২০১৬ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ ও সন্ত্রাস বিরোধী সভার আয়োজন করতে হবে। উক্ত সভায় একই সাথে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া অনুষ্ঠান, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বিষয়েও আলোচনা করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের উপর্যুক্ত পত্রের আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


২২.০৮.১৬

এ.টি.এম. মইনুল হোসেন


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।


২২/০৮/১৬

অসীম রক্ষা, সর্বদা দিন।
22.08.16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৪ (সমন্বয়)
www.moedu.gov.bd

ক/প- বি/প

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪২৩
১০ আগস্ট ২০১৬

নং-৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬-৪২২

বিষয় আগামী ৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়স্বত্বীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংশিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজন।


উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়স্বত্বীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংশিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ এ কার্যক্রম বাস্তবায়নের সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।

০২. উক্ত আয়োজিতব্য সভায় জংশিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করতে হবে। একই সাথে নিয়মিতভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান-ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরীর বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

০৩. আয়োজিতব্য এ সভায় সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, Community leader, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৪. জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এবং ইউ.জি.সি. কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়সমূহে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

০৫. এমতাবস্থায়, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়স্বত্বীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জংশিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন নিশ্চিতকরণের জন্য তাঁর অধিক্ষেত্রস্বত্বীন প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আখতারউজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল).....

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক-১ ও ২, কারিগরি, মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৩. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- [পত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।]